Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/১৭ তারিখঃ ১০/০১/২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বিদেশী/অফশোর/অনিবাসির ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে সুদের অর্থের উপর উৎসে কর কর্তন হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং- ০১-আইন/আয়কর-২৩/২০২৪, তারিখ: ০৩/০১/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২৯৭, তারিখ: ১৭/১২/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

বৈদেশিক মুদ্রায় বিদেশী/অফশোর/অনিবাসির ঋণের সুদের অর্থ পরিশোধের ক্ষেত্রে ২০% উৎসে কর কর্তন হতে অব্যাহতি প্রদানের জন্য আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের প্রচেষ্টা চলমান রেখেছি। আপনারা জানেন, ইতিমধ্যে সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে অনিবাসির ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে ২০% উৎসে কর কর্তন হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছে। তারই ধারাবাহিকতায় জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' এস.আর.ও জারীর মাধ্যমে উক্ত সুবিধা ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

রপ্তানি বাণিজ্য চলমান রাখা, মূলধনী যন্ত্রপাতি ক্রয়সহ অন্যান্য বিভিন্ন প্রয়োজনে আমাদের বৈদেশিক মুদ্রায় ঋণ গ্রহন করতে হয়। বিদেশী ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে উৎসে ২০% কর কর্তনে আমাদের অধিক বৈদেশিক মুদ্রা পরিশোধ করতে হতো। উক্ত সুবিধা প্রদানের ফলে আমাদের বিদেশী ঋণের ব্যয় হ্রাস হবে।

আমরা আশা করি বৈদেশিক মুদ্রা সংকট নিরসনে এটি কার্যকর ভূমিকা পালন করবে এবং রপ্তানিকারকগণ চাহিদা অনুযায়ী বৈদেশিক মুদ্রার যোগান দিতে সহায়তা পাবে। উক্ত সুবিধা নিয়মিত বহাল রাখার জন্য আমরা আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও ও সার্কুলার এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জানুয়ারি ৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ০১-আইন/আয়কর-২৩/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে “৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য** : টাকা ৪.০০

Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২৯৭

তারিখঃ ১৭/১২/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বিদেশী/অফসোর/অনিবাসির ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে সুদের অর্থের উপর উৎসে কর কর্তন হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং- ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩, তারিখ: ২৮/১১/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দার কারণে বৈদেশিক মুদ্রা সংকটে ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে ডলারের দাম ও বিদেশী ঋণের পরিমান। রপ্তানি বাণিজ্য চলমান রাখা, মূলধনী যন্ত্রপাতি ক্রয়সহ অন্যান্য বিভিন্ন প্রয়োজনে আমাদের বৈদেশিক মুদ্রায় ঋণের প্রয়োজন হয়ে থাকে। বিদেশী ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে উৎসে ২০% কর কর্তনে আমাদের অধিক বৈদেশিক মুদ্রা পরিশোধের ফলে ব্যয় বৃদ্ধি পায়। বিদেশী/অফসোর/ অনিবাসির ঋণের সুদের অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে কর কর্তন হতে অব্যহতি প্রদান করা জন্য বিজিএমইএ থেকে অনুরোধ জানানো হয়। জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত এস.আর.ও এর মাধ্যমে অনিবাসির ঋণের সুদের উপর ২০% উৎসে কর কর্তন ২৮/১১/২০২৩ থেকে ২৮/০২/২০২৪ইং তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করেছে।

বৈদেশিক মুদ্রা সংকট নিরসনে উক্ত সুবিধা কার্যকর ভূমিকা পালন করবে। উক্ত সুবিধা নিয়মিত বহাল রাখার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাবো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো। আমরা আশা করি উক্ত সুবিধা প্রদানের ফলে বৈদেশিক মুদ্রা যোগানের ক্ষেত্রে রপ্তানিকারকগণ সহায়তা পাবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, অনিবাসীর অনুকূলে উদ্ভূত ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ হইতে বিদেশে প্রেরণকালে উৎসে কর কর্তন হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কর অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি :**

(ক) উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(খ) ঋণের সুদের অগ্রিম পরিশোধের ক্ষেত্রে এই কর অব্যাহতি প্রযোজ্য হইবে না; এবং

(গ) ঋণ গ্রহীতাকে উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) মোতাবেক আবেদনের সহিত নিম্নবর্ণিত ছকে প্রত্যয়নসহকারে জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে :

ছক

| ক্রমিক নং | যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুদ পরিশোধ করা হইতেছে তাহার নাম ও টিআইএন নম্বর | যাহার নিকট সুদ বাবদ অর্থ প্রেরণ করা হইতেছে তাহার নাম, নিবন্ধন নম্বর/নিগমন নম্বর, যেই দেশে নিবন্ধিত বা নিগমিত উহার নাম | যে বাবদ ঋণের অর্থ ব্যবহার করা হইয়াছে | প্রেরিত অর্থের পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| | | | | আসল | সুদ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |

প্রতিপাদন এবং স্বাক্ষর

আমি ...................... শপথপূর্বক ঘোষণা করিতেছি যে, আবেদনপত্রের সহিত সংযুক্ত তথ্য ও দলিলাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সম্পূর্ণ।

প্রধান কর্মকর্তার স্বাক্ষর

তারিখ :

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

Circular No. BGA/CUS/2024/17 Date:10/01/2024

# TO ALL HONORABLE MEMBERS OF BGMEA

**Subject: Regarding exemption of tax at source on foreign/offshore/non-resident loan interest payments**

**Reference:**
(Ka) National Board of Revenue, SRO No. – 01- Ain/Aykor-23/2024, Date: 03/01/2024
(Kha) BGMEA Circular No. BGA/CUS/2023/297, Date: 17/12/2023

Dear Members and Colleagues,

As Salamu Alaikum,

We would like to share with you that we have been actively engaged with the relevant authorities regarding the exemption of a 20% tax at source on foreign/offshore/non-resident loan interest payments in foreign currency.

As you are aware, an initial exemption of 20% tax at source on the payment of interest on non-resident loans has been granted until February 28, 2024, as per Circular 'Kha.' Subsequently, this facility has been extended until December 31, 2024 through the issuance of 'Ka' SRO by the National Board of Revenue (NBR).

It is important for us to secure this exemption as we regularly need to take loans in foreign currency to meet various needs, including sustaining our export business and buying capital equipment. We had to pay more in foreign currency due to the 20% tax deduction at source on foreign loan interest payments. So, this exemption would significantly alleviate our foreign debt costs, contributing to our overall financial stability. We believe that such a measure would play a important role in addressing the foreign exchange crisis and assist exporters in meeting the demand for foreign exchange.

We will continue our efforts to ensure continuity of this facility. For your convenience, we have enclosed the relevant SRO and Circular issued by the NBR.

With thanks,

Faruque Hassan
President, BGMEA

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Sector # 17, Block # H-1, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: 88-031-2867401-10 (PABX) | Fax: 88-031-2867412 | E-mail: info@bgmeactg.org